

## জাবি শিক্ষক সমিতির নির্বাচন নিয়ে জটিলতা

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচন নিয়ে সমিতির সদস্যদের একাংশের দাবির পরিপ্রেক্ষিতে নিজেদের অবস্থান তুলে ধরে সোমবার সংবাদ সম্মেলন করেছে সমিতির কার্যনির্বাহী কমিটি। সংবাদ সম্মেলনে নির্বাচন নিয়ে সৃষ্ট জটিলতার পাশাপাশি গণতান্ত্রিক পরিবেশ অক্ষুণ্ন রাখার বিষয়ে সংশয় প্রকাশ করেন সমিতির নেতারা।



ক্যাম্পাস

জাবি সাংবাদিক সমিতিতে আয়োজিত এ সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি ড. এম এ মতিন বলেন, '১১

এপ্রিল শিক্ষক সমিতির বার্ষিক সাধারণ সভায় অধ্যাপক এ কে এম শাহনেওয়াজকে প্রধান নির্বাচন কমিশনার করে দ্রুত নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুসারে নির্বাচন কমিশন ২৪ এপ্রিল তফসিল ঘোষণা করে। কিন্তু শনিবার বঙ্গবন্ধুর আদর্শ বাঙালি জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের ব্যানারে আওয়ামীপন্থী শিক্ষকরা নির্বাচন কমিশনারের

নিরপেক্ষতার প্রশ্ন তুলে তার পদত্যাগ দাবি করেন। এতে প্রধান নির্বাচন কমিশনার পদত্যাগ করলে নির্বাচন অনুষ্ঠান নিয়ে জটিলতা ও সংশয়ের সৃষ্টি হয়।